306

দৈনিক ইনকিলাব

তারিখ ... AUG 25.[illegible]

পৃষ্ঠা ৩ কলাম ৪

# ছাত্রদল-ছাত্রলীগের ধাওয়া বোমা গুলী ভাঙচুর ঘটনায় খুলনা বিআইটি বন্ধ

খুলনা-ব্যুরো ঃ ছাত্রদল ও ছাত্রলীগের মধ্যে ধাওয়া-পাল্টা ধাওয়া, বোমাবাজি, গুলীবর্ষণ ও ভাঙচুরের ঘটনায় খুলনা বিআইটি বন্ধ ঘোষণা করা হয়েছে। গত রবিবার রাতে এ ঘটনার পর বিআইটি কর্তৃপক্ষ আগামী ২৮ আগস্ট পর্যন্ত বিআইটি বন্ধ ঘোষণা করেছেন।

একাধিক সূত্র ও পুলিশ জানায়, গত ১৫ আগস্ট বিআইটি'র খানজাহান আলী ও লালনশাহ হলের মধ্যে একটি পোস্টার ছেঁড়াকে কেন্দ্র করে ছাত্রলীগ ও ছাত্রদলের মধ্যে উত্তেজনা দেখা যায়। তারই জের ধরে গত ২২ আগস্ট রবিবার রাতে ছাত্রলীগ ও ছাত্রদলের মধ্যে সংঘর্ষ শুরু হয়। পরে পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। এদিকে এ ঘটনায় কর্তৃপক্ষ আগামী ২৮ আগস্ট পর্যন্ত বিআইটি বন্ধ ঘোষণা করেছেন।